



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ২৫/০৩/২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে গণহত্যা দিবস পালিত

২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা ও প্রদীপ প্রজ্জ্বলন কর্মসূচি পালিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে বিকাল ৪.৩০ ঘটিকায় অনুষ্ঠিত গণহত্যা দিবসের আলোচনা সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ৭১ এর রণাঙ্গনের বীর মুক্তিযোদ্ধা কে.এস.এ. মহিউদ্দীন মানিক বীরপ্রতীক এবং বীর মুক্তিযোদ্ধা রতন আলী শরীফ বীরপ্রতীক। আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক। সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। শিক্ষার্থীদের মধ্য থেকে বক্তব্য রাখেন মার্কেটিং বিভাগের ২য় বর্ষের ছাত্র মোঃ রাকিব। সভায় বক্তারা নতুন প্রজন্মকে আরও বেশি বেশি মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস চর্চার উপর গুরুত্ব আরোপ করেন। একই সাথে মুক্তিযুদ্ধের চেতনাকে বৃদ্ধি ধারণ করে একটি সুখী ও সমৃদ্ধ দেশ গড়তে সকলকে এগিয়ে আশার আহ্বান জানান। এ সময় কলা ও মানবিক অনুষদের ডিন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন এবং রেজিস্ট্রার ড. মোঃ হাসিনুর রহমান, প্রক্টর, চেয়ারম্যানবন্দ, প্রভোস্টবন্দ, শিক্ষকমন্ডলী, পরিচালকগণ, দপ্তর প্রধানগণ, শিক্ষার্থীবন্দ ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রেজিস্ট্রার ড. মোঃ হাসিনুর রহমান। ২৫ মার্চের কালরাত্রি স্মরণে সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে প্রদীপ প্রজ্জ্বলন কর্মসূচি পালন করা হয়। এতে উপাচার্য মহোদয়ের নেতৃত্বে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার অংশ নেয়। এরপর বরিশাল বিশ্ববিদ্যালয় কীর্তনখোলা ফিল্ম সোসাইটির আয়োজনে বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে মুক্তিযুদ্ধভিত্তিক চলচিত্র প্রদর্শিত হয়। এসময় মাননীয় উপাচার্য মহোদয়সহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের উর্ধ্বতনরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস